

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৮৩

৬/ সফর (أُبْوَابُ السَّفَر)

পরিচ্ছেদঃ এই বিষয়ে আর একটি অনুচ্ছেদ।

باب مِنْهُ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْد، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ مُعَاذَ بْنَ جَبَل، كَانَ يُصلِّي مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم الْمَغْرِبَ ثُمَّ يَرْجِعُ إِلَى قَوْمِهِ فَيَوُمُّهُمْ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَصْحَابِنَا فَيَوُمُّهُمْ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَصْحَابِنَا الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ قَالُوا إِذَا أَمَّ الرَّجُلُ الْقَوْمَ فِي الْمَكْتُوبَةِ وَقَدْ كَانَ صَلَاهَا قَبْلَ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ قَالُوا إِذَا أَمَّ الرَّجُلُ الْقَوْمَ فِي الْمَكْتُوبَةِ وَقَدْ كَانَ صَلَاهَا قَبْلَ مَنْ صَلاَةً مَنِ التَّمَّ بِهِ جَائِزَةٌ . وَاحْتَجُوا بِحَديث جَابِرٍ فِي قِصَّةٍ مُعَاذِ وَهُو حَديثٌ صَحِيحٌ وَقَدْ رُويِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ جَابِرٍ . وَرُويِيَ عَنْ أَبِي الدَّرْدَاءِ أَنَّهُ سُئِلَ عَنْ رَجُلٍ صَحَيحٌ وَقَدْ رُويِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ جَابِرٍ . وَرُويِيَ عَنْ أَبِي الدَّرْدَاءِ أَنَّهُ سُئِلَ عَنْ رَجُلٍ مَخَلِي الْمُعْرِقِي مَنْ أَهْلِ الْكُوفَةِ إِذَا التَّهَ قَوْمٌ بِإِمَامٍ وَهُو يُصَلِي الْعُصْر وَهُمْ عَلْمَ الْمُقْتَدِي فَاسِدَةٌ إِذِ اخْتَلَفَ نِيَّةُ الْمَامُ وَيُونَ أَنَّهُ الْطُلُّهُرُ فَصَلَي بِهِمْ وَاقْتَدَوْا بِهِ فَإِنَّ صَلَاةَ الْمُقْتَدِي فَاسِدَةٌ إِذِ اخْتَلَفَ نِيَّةُ الْمَامُ وَنِيَّةُ الْمَأْمُومِ .

বাংলা

৫৮৩. কুতায়বা (রহঃ) জাবির ইবনু আবদিল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, মু'আয ইবনু জাবাল রাদিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে মাগরিবের সালাত (নামায/নামাজ) আদায় করতেন, পরে স্বীয় কওমের কাছে ফিরে যেতেন এবং তাদের ইমামতি করতেন। - সহিহ আবু দাউদ ৭৫৬, বুখারি ও মুসলিম আরো পূর্ণরূপে, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৮৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ। ইমাম শাফিঈ, আহমদ, ইসহাক (রহঃ) প্রমুখ আমাদের ফকীহ আলিমগণ এই হাদীস অনুসারে আমলের অভিমত ব্যক্ত করেছেন। তারা বলেনঃ কোন ব্যক্তি যদি পূর্বে সালাত আদায় করে পরে সেই ফর্য সালাতের ক্ষেত্রে কোন জামাআতের ইমামতি করে, তবে যারা তার ইক্তিদায় সালাত আদায় করবে, তাদের সালাত আদায় হয়ে যাবে। এই ফকীহগণ মু'আয রাদিয়াল্লাহু আনহু



সম্পর্কে জাবির রাদিয়াল্লাহু আনহু-এর হাদীসটি প্রমাণ হিসাবে পেশ করেন। এই হাদীসটি সহীহ। একাধিক সূত্রে জাবির রাদিয়াল্লাহু আনহ থেকে এটির রিওয়ায়াত আছে।

আবৃ দারদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্নিত আছে যে, তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল, এক ব্যক্তি সমজিদে আসল। এ সময় লোকেরা সালাতুল আসর আদায় করছিল কিন্তু সে এটিকে যোহরের সালাত মনে করে ইক্তিদা শুরু করে দিল। এটা কি জায়েয হবে? তিনি উত্তরে বললেনঃ এ ব্যক্তির সালাত জায়েয হয়ে যাবে। কুফাবাসী একদল আলিম বলেনঃ কেউ যদি যোহরের সালাত আদায় করছে বলে মনে করে এমন এক ইমামের ইক্তিদা করে যিনি আসলে আসরের সালাত আদায় করছেন, তবে মুক্তাদির সালাত ফাসিদ হয়ে যাবে। কারণ এখানে ইমাম ও মুক্তাদীর নিয়াতের মধ্যে বৈপরীত্য বিদ্যমান।

English

labir bin Abdullah narrated:

'Mu'adh bin Jabal would pray Al-Maghrib with the Messenger of Allah, then he would return to his people to lead them (in prayer)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন